



লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
লক্ষ্মীপুর।



টেলিফোন নং-০৩৮১-৬২৫৯৫, অভিযোগ কেন্দ্র : ০৩৮১-৬২৫৬৭, ই-মেইল-pbslkp@yahoo.com

স্মারক নং- ২৭.১২. ৫১৪৩. ৫৩৮.০০১.০৩.২০২৬. ৩৯০৭


তারিখঃ ২০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

“ আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি ”

লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির মামলা- মোকদ্দমা পরিচালনা ও আইনগত পরামর্শ ও সহায়তা গ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিক ০১ (এক) জন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে সাদা কাগজে দরখাস্ত আহবান করা যাচ্ছে :


শর্তাবলীঃ-

- ১। আবেদনকারী প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ২। যারা জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্টে কমপক্ষে আইন ব্যবসায় ০৮ (আট) বছর যাবৎ নিয়োজিত আছেন এবং অবসরপ্রাপ্ত জুডিশিয়াল বিচারক, যারা আইন ব্যবসায় জেলা পর্যায়ে (শুধুমাত্র লক্ষ্মীপুর জেলা) এবং অত্র পবিসের আওতাধীন উপজেলা সমূহ (লক্ষ্মীপুর সদর, চন্দ্রগঞ্জ, রামগঞ্জ, রায়পুর, রামগতি ও কমলনগর উপজেলায়) নিয়োজিত আছেন কেবলমাত্র তারা ই আবেদন করতে পারবেন।
- ৩। বার কাউন্সিলের এনরোলমেন্ট সার্টিফিকেট ও অন্যান্য সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। আইন উপদেষ্টা হিসেবে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন সময়ে উভয়পক্ষ ৩০ (ত্রিশ) দিনের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।
- ৫। রিটাইনার ফি প্রতিমাসে ৫০০০/- টাকা সহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রিম কোর্টে মামলা পরিচালনার জন্য পবিস নির্দেশিকা ৩০০-৫০ অনুযায়ী নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।
- ৬। অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ৭। নিম্নবর্ণিত ছক আকারে প্রার্থীগণকে আবেদন করতে হবে;
(ক) আবেদনকারী নাম (স্পষ্টাক্ষরে) (২) পিতার নাম (৩) মাতার নাম (৪) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (৫) জন্ম তারিখ (৬) শিক্ষাগত যোগ্যতা
(খ) বর্তমান ঠিকানা
(গ) স্থায়ী ঠিকানা
(ঘ) আইন পেশায় নিয়োজিত কাল (১) সহকারী জজ/উপজেলা কোর্ট (২) জজ কোর্ট (৩) হাইকোর্ট ডিভিশন/সুপ্রীম কোর্ট এর এ্যাপেলট ডিভিশন
(ঙ) আইনি উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা
(চ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত অথবা অন্যান্য প্রতিষ্ঠানে বর্তমানে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তার বিস্তারিত বিবরণী।
- ৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। উল্লিখিত যোগ্যতা সম্পন্ন ও শর্ত প্রতিপালনে ইচ্ছুক আইনজীবীগণকে আগামী ২২-১০-২০২৬ খ্রি. তারিখের পর কোন আবেদন বিবেচনা করা হবে না।


(মোঃ শফিউল আলম)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধ সহ প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়))

- ১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/ পবিস মনিঃ ও ব্যঃ পরিঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ৪। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
- ৫। বিজ্ঞ জেলা ও দায়রা জজ, লক্ষ্মীপুর।
- ৬। সভাপতি/সম্পাদক, বার কাউন্সিল, লক্ষ্মীপুর।
- ৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪
- ৮। সভাপতি/সচিব লক্ষ্মীপুর আইনজীবী সমিতি, লক্ষ্মীপুর।
- ৯। ডিজিএম (কারিগরী)/রামগঞ্জ/রায়পুর/রামগতি/কমলনগর/ভবানীগঞ্জ/চন্দ্রগঞ্জ জোনাল অফিস, লপবিস।
- ১০। এজিএম (প্রশাসন)/ (অর্থ-হিসাব/রাজস্ব)/(ওএন্ডএম)/(ইএন্ডসি)/(সদস্য সেবা)/(আইটি) লপবিস।
- ১১। জুনিয়র ইঞ্জিনিয়ার-ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে।
- ১২। নোটিশ বোর্ড, লপবিস।
- ১৩। অফিস কপি/মাস্টার কপি।


(মোঃ শফিউল আলম)
জেনারেল ম্যানেজার